উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

জুন/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২০/৬/২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্লোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্লোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর মে/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৩ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মে/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর মে/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| ১৩ | উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য মে/২০২৩ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বাজেটের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় ০৫ টি প্যাকেজে বিদ্যালয়ের বেঞ্চ সরবরাহ করার জন্য ডিও প্রদান করেছেন । উক্ত প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হবে। তালিকা (পরিশিষ্ট-খ) রজনীগঞ্জ রাস্তার গাছ কাটা হলে রাস্তা প্রশস্তসহ যানজটমুক্ত হবে। এ বিষয়ে বন কর্মকর্তাকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।<br>২. মির্জাপুর স্কুলের সামনে জরুরী ভিত্তিতে কালভার্ট, টাইলা গ্রামের ভাংগা কালভার্টটি জরুরী ভিত্তিতে মেরামত ও ইসলামপুর স্কুলের রাস্তাটি দ্রুত মাটি সাইড ও অবশিষ্ট প্রায় ৪০০ ফুট রাস্তা মেরামত/নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ এঁর পক্ষে জনাব ডাঃ তারিক জামিল অপু, আর এম ও, জানান যে, বহির্বিভাগের মাধ্যমে আগত রোগীদের সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে জানান যে, পূর্ব বীরগাও ইউনিয়নের বীরগাও খালে ১৫ মিটার গার্ডার ব্রীজ নির্মাণ করা হবে। এছাড়া মুজিব বর্ষের ঘর ও বীর নিবাসের ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পের কাজ শেষ হয়েছে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ চলমান রয়েছে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন মেরামতের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ভূমি বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক অনুমোদন সাপেক্ষে ভবন নির্মাণের বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত খালি জায়গায় বিধি মোতাবেক উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল ভবন নির্মাণ করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান । চলতি বছর ২২,৬১২ হেক্টর লক্ষমাত্রার চেয়ে বেশি আবাদ হয়েছে। প্রদর্শনী প্রকল্পের মাধ্যমে কৃষি আবাদ সম্প্রসারণ করা হচ্ছে। শাকসবজি, আউশ, আমনের সার ও ব্রীজ, বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। Apps এর মাধ্যমে ধান সংগ্রহের কাজে কৃষক বাছাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। | ১. খাদ্য গুদামের ধান সংগ্রহের বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা শান্তিগঞ্জ শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। ও উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, শান্তিগঞ্জ |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জানান যে, সারা দেশে ৫০০ টি ক্লিনিক মডেল হিসেবে উদ্বোধন করা হয়েছে। অত্র উপজেলায় পাথারিয়া ক্লিনিককে মডেল হিসেবে ধরা হয়েছে। । এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আগামী জুলাই মাসে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, তিনি এই মাসেই অত্র উপজেলায় যোগদান করেছেন। উপজেলা পরিষদের সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে কোরবানির পশুর হাটে পর্যাপ্ত মেডিকেল টিম থাকবে। ইজারাদারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ১) কোরবানির হাটে পর্যাপ্ত মেডিকেল টিম প্রেরণ করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। যে সকল বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ প্রয়োজন সে সকল বিদ্যালয়ে প্রাক্কালনপ্রস্তুত করে অনুমোদন করতে হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। বীরগাও প্রাইমারি স্কুলে পাইলিং এর পর কাজ বন্ধ রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. শিক্ষার মানোন্নয়নে তদারকি বৃদ্ধি করতে হবে।<br>২. নির্মাণাধীন প্রাইমারি বিদ্যালয়ের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জানান । উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে দীর্ঘদিন যাবত স্টাফ সংকটে রয়েছে। ফলে অফিসের কার্যক্রমে ব্যঘাত ঘটছে। বিভিন্ন শিক্ষা সংক্রান্ত কাজে অফিসের বাইরে গেলে অফিস তালাবদ্ধ অবস্থায় রেখে যেতে হয়। ফলে জনসাধারণ সরকারি সেবা সঠিকভাবে পাচ্ছেনা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জরুরী ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ বলেন যে, অত্র উপজেলায় ২৬ টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। প্রত্যেকটি বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শন কার্যক্রম ও মনিটরিং অব্যাহত রাখতে হবে। | ১. মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষার প্রসার ঘটাতে হবে।<br>২. প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আগামী জুলাই থেকে অত্র উপজেলায় দুগ্ধ প্রকল্পের কার্যক্রম শুরু হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় দুধের চাহিদা পুরন হবে মর্মে আশা করেন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক । | ১. দুগ্ধ প্রকল্পসহ অন্যান্য চলমান প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে । | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক । | কার্যক্রমে আর ও গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ জানান যে, সারা বাংলাদেশের ন্যায় শান্তিগঞ্জ উপজেলায় ও apps এর মাধ্যমে বোরো ধান সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়েছে। একজন ব্যক্তি কৃষি কার্ড নিয়ে একবারই ধান দিতে পারবে। পরবর্তীতে আরও নতুন কৃষক নির্বাচন করা হবে। | ১) apps এর মাধ্যমে বোরো ধান সংগ্রহ কার্যক্রম এর বিষয়টি ব্যপক প্রচার প্রচারণার মাধ্যমে কৃষকদের অবহিত করতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ১৪ টি মাধ্যমিক বিদ্যালয়ে ৩৮ টি ট্যাব বিতরণ করা হয়েছে। এছাড়া জরিপ কার্যক্রম চলমান রয়েছে। | জরিপ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অফিসের জরুরী ভিত্তিতে রি ওয়রিং,জানালা মেরামত, ইলেক্ট্রনিক্স, অত্রাফিসের সংলগ্ন ওয়াশরুমটি মেরমাত বাবদ ১১,০০০/-(এগার হাজার) টাকা বিল দাখিল করা হয়েছে। বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ করা হয়। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। ব্যয়িত ১১,০০০/-(এগার হাজার) টাকা বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা জানান VWB কর্মসূচীর আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের ১৯৮৩ জনকে উপকারভোগীর আওতায় আনা হয়েছে। বর্তমানে ভিজিডি চাউল প্রাপ্তির ক্ষেত্রে প্রত্যেক উপকারভোগীকে নিজ নামে একাউন্ট করতে হবে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন এই অর্থ বছরে ২৩০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ পর্যন্ত ১০০ জন যুবককে ১০,৪০,০০০/- যুবঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্পের ভবনটি রং করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ১কার্যক্রমে গতীশীলতা আনতে হবে<br>২. ভবণটি রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।<br>২.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা পরিষদের পানির পাম্প ও বাতি, কক্ষ নং-৩১২,১১১ নং রুমের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ২,১২,৬৮৪/-(দুই লক্ষ বার হাজার ছয়শত চুরাশি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) শান্তিগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নের আস্তমা গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৪ টি পরিবারকে ২০০০/- টাকা করে সর্বমোট ৮০০০/-(আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা | ১. উপজেলা পরিষদের পানির পাম্প ও বাতি, কক্ষ নং-৩১২,১১১ নং রুমের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ২,১২,৬৮৪/-(দুই লক্ষ বার হাজার ছয়শত চুরাশি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে।<br>২. শান্তিগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নের | ১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br>২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৮৭৫০০/- (সাতাশি হাজার পাচশত) টাকা, জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৫৬৫৮৪/- এবং জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমন ভাতার বিল ৪৮,০৪৩/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | আস্তমা গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৪ টি পরিবারকে ২০০০/-টাকা করে সর্বমোট ৮০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে। | |
| | | (ঘ) উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ৭৭৩ নং খতিয়ানের ১৫১১ গং দাগের ১৪২৯ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৩. ভ্রমনভাতা সংক্রান্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে। | ৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | ঙ) উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) এর জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ মাসের মেসার্স সিনথিয়া সিএনজি রিফুয়েলিং এন্ড কনভারসান স্টেশন, সুনামগঞ্জ এর বকেয়া জ্বালানি বিল ৫২৭৯৫/- (ভ্যাট সহ) টাকা ও মেসার্স সিলভিয়া ফিলিং স্টেশন, দিরাই রাস্তার পয়েন্ট এর বকেয়া জ্বালানি বিল ১৭,২৫৬/-(ভ্যাট সহ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৪. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জয়কলস মৌজার ৭৭৩ নং খতিয়ানের ১৫১১ গং দাগের ১৪২৯ বাংলার ভূমি উন্নয়ন কর বাবদ ৬০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ পরিশোধ করতে হবে। | ৪. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | চ) জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ এর ঈদুল আযহা/২০২৩ এর উৎসব ভাতা বাবদ মোট ৮২৫০/- টাকার, জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ এর ঈদুল আযহা/২০২৩ এর উৎসব ভাতা বাবদ মোট ৮২৫০/-ও জনাব মোঃ কামাল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী , উপজেলা পরিষদ এর ঈদুল আযহা/২০২৩ এর উৎসব ভাতা বাবদ মোট ৮২৫০/- টাকা | (৫) উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ব্যবহৃত জীপগাড়ির (গাড়ি ন- ঘ-১১০০৩০) এর জ্বালানি বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ পরিশোধ করতে হবে। | ৫. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | (ছ) উপজেলা পরিষদের ৪র্থ তলায় উপজেলা আনসার ভিডিপি অফিসের জরুরী ভিত্তিতে মেরামত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত মেরামত বাবদ ২৫০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৬) ঈদুল আযহা/২০২৩ এর উৎসব ভাতা বাবদ অর্থ বিধি মোতাবেক পরিশোধ করতে হবে | ৬. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ |
| | | (জ) উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিষদে গ্রীলের রঙ করণ ২য় তলার বাথরুমের সংস্কার, বাথরুমের দরজা, কমোড, ফ্লাস ইত্যাদি কাজের ব্যয় বাবদ – ২৪৩৭০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ৭. উক্ত মেরামত বাবদ ২৫০০০/-(পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী পরিশোধ করতে হবে। | ৭. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| | | | | ৮. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ঝ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেটটি সভায় উপস্থাপন করা হয়। সার্বিক দিক পর্যালোচনায় প্রস্তাবিত বাজেটি সর্বসম্মতক্রমে অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঞ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ সভায় অবহিত করেন যে, জনাব রমজান আলী, ড্রাইভার, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর চাকুরীকাল বিগত ১১.০৪.২০২২ খ্রিঃ তারিখ ১০ (দশ) বছর চাকুরীকাল পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য বিগত ১৫/০৫/২৩ খ্রিঃ তারিখে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ বরাবরে একখানা আবেদন দাখিল করেন। আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জানা যায় যে, চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্ণ হওয়ার সময়কালীন (১১.০৪.২০২২ খ্রিঃ) বর্ণীত কর্মচারী সুনামগঞ্জ সদর উপজেলায় কর্মরত ছিলেন। সুনামগঞ্জ সদর উপজেলায় কর্মরত থাকাকালীন সময়ে তিনি কি কারণে উচ্চতর গ্রেড প্রাপ্তি হননি সে বিষয়টি যাচাই করার জন্য অনুরোধ জানানো হয়। আলোচনান্তে পদোন্নতি ব্যতিরেকে চাকুরীকাল বিরতিহীন ও সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় তাকে ১১.০৪.২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড -১৫ (বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০) প্রদানের বিষয়টি যাচাইয়ান্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। যাচাইয়ান্তে সঠিক পাওয়া গেলে উক্ত সিদ্ধান্তের আলোকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা শান্তিগঞ্জকে সভায় অনুরোধ করা হয়।<br><br>(ট) চেয়ারম্যান, জয়কলস ইউপি জানান যে, সদরপুর নদী ভাঙ্গনের বিষয়টি জরুরী ভিত্তিতে সমাধান করা প্রয়োজন। যে সকল পরিবার নদীর তীরবর্তী সে সকল পরিবারের সদস্যদের অন্যত্র স্থানান্তর করা জরুরী। এ বিষয়ে প্রতিদিনই ইউনিয়ন পরিষদে লোকজন এসে সহযোগিতার জন্য । এ বিষয়ে উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, যে সকল লোকজনের বাড়ি একবারে নদীর তীরবর্তী সে সকল লোকজনকে আশ্রয়ণ প্রকল্পে সরকারি মুজিব বর্ষের ঘর উপহার দেওয়ার বিষয়ে অনুরোধ জানানো হয়। চেয়ারম্যান জয়কলস ইউপিকে এ বিষয়ে ক্ষতিগ্রস্ত ও আগ্রহী ব্যক্তিদের তালিকা দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | ৮. উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিষদে গ্রীলের রঙ করণ<br><br>২য় তলার বাথরুমের সংস্কার, বাথরুমের দরজা, কমোড, ফ্লাস ইত্যাদি কাজের ব্যয় বাবদ – ২৪৩৭০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও নির্দেশিকা ২০২০ অনুযায়ী অনুযায়ী পরিশোধ করতে হবে।<br>৯. উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেটটি সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়।<br><br>১০. জনাব রমজান আলী, ড্রাইভার, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর চাকুরীকাল ১১.০৪.২০২২ খ্রিঃ তারিখ ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় তাকে ১১.০৪.২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড -১৫ (বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০) প্রদানের বিষয়টি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১১. সদরপুর নদী ভাঙ্গনের বিষয়টি জরুরী ভিত্তিতে কার্যক্রর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ৯. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ<br><br>১০. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১২৪ (৫০) তারিখ: ২০/০৬/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০.চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা.........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

## উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ২০/০১/২৬ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নূর হোসেন | 01722454874 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | দুলাল বক্সী-৫০ | 01737913661 | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ডাঃ মোহাম্মদ মোকাদ্দেস হোসেন | 01716788123 | [signature] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | | | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | RMO ডা. আবু কামিল আহ | 01774454233 | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | খন্দকার মোহাম্মদ আহমেদ | 01602476111 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মোঃ আবুল-নূর আনোয়ার | 01708-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | | | |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মোঃ সেলিম খান | 01718-024[illegible] | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মোঃ নূরে আলম সিদ্দিকী | 01717-042369 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | আহমেদুল্লাহ আকন্দ [illegible] | 01915[illegible] | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | | | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | 01758132839 | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ সাইদুর রহমান | 01717468171 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [signature] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো. মাসুদ সরকার | 0167338670[illegible] | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | খন্দকার মুনতাসির মামুন | 01728-997017 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মো: আবদুর রব সরদার | | |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | নেহার রানী চৌধুরী | 01754139562 | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | বকুল দেবনাথ | 02296897825 | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788875040 | |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মো. সাইফুল ইসলাম | 01725704856 | |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | | 0170879768 44 | |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | [illegible] | [illegible] | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | [illegible] ইসলাম | 01729587797 | |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | মো: [illegible] রহমান | 01730128629 | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | মো: [illegible] | 01748[illegible] 9441 | |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | | | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৪. | | মো: নাদির হোসেন Ag.m | 01769407240 | |
| ৩৫ | | সোহায়েল আহমেদ [illegible] | 01711059528 | |